এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিষয় : হিসাব বিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

বিষয় কোড : | ২ | ৫ | ৩ |

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। 'ক' বিভাগ হতে দুইটি এবং 'খ' বিভাগ হতে যে কোন চারটি নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১. ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত মেসার্স সেলিম এন্ড সন্স এর রেওয়ামিল নিচে দেয়া হল:

| ক্রমিক নং | হিসাবের নাম | খ:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩৫,০০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | | ৩,৪৫,০০০ | ৪,৬০,০০০ |
| ৩. | আমদানি শুল্ক | | ৪৮,০০০ | |
| ৪. | বিক্রয় পরিবহন | | ২১,০০০ | |
| ৫. | উপ ভাড়াটিয়ার নিকট ভাড়া প্রাপ্তি | | | ৪,০০০ |
| ৬. | ব্যাংক জমাতিরিক্ত | | | ২০,০০০ |
| ৭. | মজুরি | | ২৫,৫০০ | |
| ৮. | প্রাপ্য বিল | | ১০,০০০ | |
| ৯. | ক্রয় খতিয়ানের জের | | | ৩০,০০০ |
| ১০. | বেতন | | ৪৪,০০০ | |
| ১১. | ছাপা ও মনিহারি | | ১৩,০০০ | |
| ১২. | বিলম্বিত বিজ্ঞাপন | | ১০,০০০ | |
| ১৩. | অফিস খরচাবলী | | ৫,৫০০ | |
| ১৪. | প্রদেয় বিল | | | ১০,০০০ |
| ১৫. | মূলধন | | | ১,২০,০০০ |
| ১৬. | অফিস সরঞ্জাম | | ২০,০০০ | |
| ১৭. | ঘোড়া ও গাড়ি | | ২৭,০০০ | |
| ১৮. | বিক্রয় খতিয়ানের জের | | ৪০,০০০ | |
| | মোট = | | ৬,৪৪,০০০ | ৬,৪৪,০০০ |

**অন্যান্য তথ্যাবলী:** ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ২৩,০০০ টাকা। ২. উপভাড়া অগ্রিম পাওয়া গেছে ১,০০০ টাকা। ৩. মূলধনের উপর ৫% সুদ ধরতে হবে। ৪. ২,০০০ টাকা অনাদায়ী পাওনা হিসেবে অবলোপন করতে হবে এবং অবশিষ্ট দেনাদারের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। ৫. অফিস সরঞ্জামের উপর ২০% অবচয় ধার্য করা হবে।

ক. ক্রয় ও বিক্রয়ের উপর ভ্যাটের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট লাভ ১৪,৫০০ টাকা ধরে চলতি বছরের নিট লাভ অথবা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. চলতি বছরের চলতি সম্পদ বিবরণী ও মালিকানা স্বত্ব বিবরণী তৈরি করো। ৪

Teachingbd.com

২. বুহুল আমিন এন্টারপ্রাইজের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নে উপস্থাপন করা হলো:

**বুহুল আমিন এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
ডিসেম্বর ৩১, ২০১৪

| বিবরণ | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| হাতে নগদ | ৬,৫০০ | |
| দালানকোঠা | ৪৫,০০০ | |
| আসবাবপত্র | ২০,০০০ | |
| অগ্রিম বিমা | ৩,০০০ | |
| ব্যবহার্য দ্রব্য (সাপ্লাইজ) | ৪,৬০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ৭,০০০ |
| বেতন খরচ | ১৮,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ৬,৪০০ | |
| মূলধন | | ৭০,০০০ |
| উত্তোলন | ৪,৫০০ | |
| সেবা আয় | | ৩৩,৫০০ |
| উপযোগ খরচ | ২,৫০০ | |
| মোট | ১,১০,৫০০ | ১,১০,৫০০ |

**অন্যান্য তথ্যাবলি :** ১. অনুপার্জিত সেবা আয়ের ৫,০০০ টাকা উপার্জিত হয়েছে। ২. অগ্রিম বিমা ৩ বছরের জন্য পরিশোধ করা হয়েছে। ৩. ৩১ ডিসেম্বর তারিখে ব্যবহার্য দ্রব্য (সাপ্লাইজ) হিসাবে ২,২০০ টাকার দ্রব্য অব্যবহৃত রয়েছে। ৪. জনাব বুহুল আমিন ৫,৫০০ টাকা অতিরিক্ত মূলধন হিসাবে আনয়ন করলেও উহা হিসাবে লেখা হয় নাই। ৫. মূলধনের সুদ বকেয়া রয়েছে ১,৫০০ টাকা। ৪. বার্ষিক অবচয়: দালানকোঠা ২,২৫০ টাকা, আসবাবপত্র ২,০০০ টাকা।

ক. বছর শেষে চলতি সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. বছর শেষে আয় বিবরণী তৈরি করো। ৪
গ. মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**খ বিভাগ**

৩. ২০১৩ইং সালের ১ লা সেপ্টেম্বর তারিখ জনাব সিরাজুল ইসলাম নগদ ৭০,০০০ টাকা, ৩০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র এবং ১০,০০০ টাকার ক্রয়কৃত পণ্যসামগ্রী নিয়ে ব্যবসায় শুরু করল। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ ছিল:

২০১৩ইং
সে: ২ অগ্রণী ব্যাংকে হিসাব খোলা হল ২০,০০০ টাকা।
" ৩ যন্ত্রপাতি ক্রয় করা হলো ৩০,০০০ টাকা।
" ৫ রিফাতের কাছে পণ্য বিক্রয় করা হলো ২০,০০০ টাকা।
" ১০ শরিফুলের কাছে নগদে মাল বিক্রয় ৩২,০০০ টাকা।

http://teachingbd.com

" ১৫ দাউদের নিকট হতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।

" ২৭ রিফাতের কাছ থেকে চেক পেয়ে সরাসরি ব্যাংকে জমাদান ৮,০০০ টাকা।

" ৩০ দাউদকে চেকে প্রদান করা হলো ৫,০০০ টাকা।

ক. ৩০ সেপ্টেম্বর তারিখে ব্যাংক জমার পরিমাণ নির্ণয় করো। ২

খ. সেপ্টেম্বর ১,৩,১০, ও ১৫ তারিখের লেনদেনগুলো জাবেদায় লিপিবদ্ধ করো (ব্যাখ্যা ছাড়া)। ৪

গ. ক্রয় হিসাব ও নগদান হিসাব তৈরি করো। ৪

৪. জনাব নাসির ১ জুলাই, ২০১৪ তারিখে নগদ ৬,০০০ টাকা ও ১৭,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসা শুরু করেন। ঐ মাসের নির্বাচিত কয়েকটি লেনদেন ছিল নিম্নরূপ:

জুলাই ৬ ৩০,০০০ টাকা মূল্যের পণ্য ৫% বাট্টায় নগদ বিক্রয়।

" ১২ শিক্ষানবিস সেলামি বাবদ ৭০০ টাকা পাওয়া গেল।

" ২৪ মমিনুলের নিকট পাওনা ১৪,০০০ টাকা ২% বাট্টায় ১৩,৭২০ টাকার একটি চেক প্রাপ্তি।

" ২৮ ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা।

ক. কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. নগদ প্রাপ্তি জাবেদা তৈরি করো। ৪

গ. একটি তিনঘরা নগদান বই তৈরি করো। ৪

৫. ৩০ জুন ২০১৪ তারিখে জনা সাকিবের বই থেকে একটি অশুদ্ধ রেওয়ামিল ও অন্যান্য উপাত্ত পাওয়া যায়, যা নিম্নরূপ:

রেওয়ামিল

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১০,০০০ | |
| ক্রয় | ৩৫,০০০ | |
| মজুরি | ১৩,০০০ | |
| আমদানি শুল্ক | ৫,০০০ | |
| বেতন বকেয়া | ৪,০০০ | |
| আসবাবপত্র | ১৮,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১৯,০০০ | |
| শিক্ষানবিস সেলামি | ৩,৬০০ | |
| প্রদেয় হিসাব | | ৬,০০০ |
| বহিঃ পরিবহন | ৬০০ | |
| বিক্রয় | | ৬২,০০০ |
| ঋণ | | ৫,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | | ১৪,০০০ |
| মূলধন | | ২০,০০০ |
| | ১,০৭,৬০০ | ১,০৭,৬০০ |

Teachingbd.com

ক. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২
খ. সঠিক রেওয়ামিল তৈরি করো। ৪
গ. চলতি সম্পত্তি ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় করো। ৪

৬. বাবু ট্রেডার্স এর ২০১৪ সালের লেনদেনগুলো নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
| --- | --- |
| সন্দেহনজক পাওনা সঞ্চিতি (১.১.২০১৪) | ২,০০০ |
| অনাদায়ী পাওনা (৩১.১২.২০১৪): | |
| লিখিত | ১,২০০ |
| অলিখিত | ৮০০ |
| প্রাপ্য হিসাব (৩১.১২.২০১৪) | ৬০,০০০ |

ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী ও আয় বিবরণীতে উপরোক্ত লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৭. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে রাণি হামিদ স্টোরের খতিয়ান উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ:

রাণি হামিদ স্টোর
রেওয়ামিল
৩১ শে ডিসেম্বর, ২০১৪

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
| --- | --- | --- |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২২,৫০০ | |
| মূলধন | | ৯০,০০০ |
| উত্তোলন | ৬,০০০ | |
| চলতি সম্পদ | ৬০,০০০ | |
| স্থায়ী সম্পদ | ১,২০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয় (স্থায়ী সম্পদ) | | ৫২,০০০ |
| চলতি দায় | | ৪৫,০০০ |
| ক্রয় | ৭০,০০০ | |
| বিক্রয় | | ১,৫০,০০০ |
| পরিচালন ব্যয় | ৬০,০০০ | |
| বকেয়া পরিচালন ব্যয় | | ১,৫০০ |
| মোট = | ৩,৩৮,৫০০ | ৩,৩৮,৫০০ |

নিম্নোক্ত সমন্বয়গুলো সাধন করতে হবে: ১. সমাপনী মজুদ পণ্য ১৮,০০০ টাকা। ২. স্থায়ী সম্পদের অবচয় ৬,০০০ টাকা।

ক. বছর শেষে নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ কত হবে? ২
খ. ১০ কলাম কার্যপত্র তৈরি করো। ৪
গ. সমাপনী জাবেদা দাখিলা দাও। ৪

Teachingbd.com

৮. পিয়াস ট্রেডার্স ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকায় একটি যন্ত্র ক্রয় করে। যন্ত্রটির আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে যন্ত্রটির ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ৩১.১২.২০১৪ তারিখে পিয়াস ট্রেডার্স উক্ত যন্ত্রটি ১,০০,০০০ টাকায় বিক্রয় করে। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে বার্ষিক হিসাব সমাপ্ত করে।

ক. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. সরলরৈখিক পদ্ধতিতে ২০১৩ ও ২০১৪ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. সরলরৈখিক পদ্ধতিতে ২০১০ ও ২০১১ সালের পুঞ্জিভূত হিসাব ও যন্ত্রপাতি হিসাব তৈরি করো। ৪

৯. মি. অরূপ একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন। তার হিসাব বহির খতিয়ানের উদ্বৃত্ত ছিল নিম্নরূপ:

| বিবরণ | ১ জানুয়ারি ২০১৩ | ৩১ ডিসেম্বর ২০১৩ |
|---|---|---|
| নগদ তহবিল | ১৪,০০০ | ১৮,০০০ |
| ব্যাংক জমা | ১০,০০০ | ১২,০০০ |
| মজুদ পণ্য | ২০,০০০ | ২৪,০০০ |
| দেনাদার/প্রাপ্য হিসাব | ৬০,০০০ | ৭৫,০০০ |
| পাওনাদার/প্রদেয় হিসাব | ৩০,০০০ | ৩৫,০০০ |
| যন্ত্রপাতি | ২০,০০০ | ৩৫,০০০ |
| আসবাবপত্র | ২৫,০০০ | ২৬,০০০ |

মি. অরূপ সারা বছর ধরে তার নিজ প্রয়োজনে ব্যবসায় হতে প্রতি মাসে নগদ ২০০ টাকা এবং ২,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেন। এছাড়া তিনি ব্যবসায়ের জন্য ১৫,০০০ টাকা দিয়ে একটি যন্ত্রপাতি ক্রয় করেন। এজন্য প্রয়োজনীয় অর্থের ১০,০০০ টাকা তিনি ব্যক্তিগত কম্পিউটার বিক্রয় করে সরবরাহ করেছিলেন।

**অন্যান্য তথ্যাবলি:** ১. ব্যবসায়ের ক্যাশ বাক্স হতে ২,০০০ টাকা চুরি হয়েছে, কিন্তু এটি হিসাবভুক্ত হয়নি। ২. দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি করতে হবে। ৩. যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। নতুন যন্ত্রপাতি ১-৭-২০১৩ তারিখে ক্রয় করা হয়েছিল।

ক. যন্ত্রপাতির অবচয় এবং অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. মি. অরূপের প্রারম্ভিক মূলধন ১,১৯,০০০ টাকা এবং সমাপনী মূলধন ১,৫৫,০০০ টাকা হলে উক্ত বছরের নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে মি. অরূপের আর্থিক অবস্থা নিরূপণ করো। ৪

Teachingbd.com

# বিষয় : হিসাববিজ্ঞান ১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : 2 5 3

সময় : ৪০ মিনিট | পূর্ণমান-৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি স্থান কোথায়?
ⓚ ভারতবর্ষ ⓚ ইংল্যান্ড
ⓖ ইতালি ⓖ আমেরিকা

২. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি—
ⓚ জাবেদা ⓚ খতিয়ান
ⓖ রেওয়ামিল ⓖ লেনদেন

৩. কোন নীতির কারণে মূলধন একটি প্রতিষ্ঠানের দায়?
ⓚ রক্ষণশীলতার নীতি ⓚ চলমান প্রতিষ্ঠান ধারণা
ⓖ স্বত্ত্রা নীতি ⓖ ব্যয় নীতি

৪. জাবেদাকে হিসাবের কোন ধরনের বই বলা হয়?
ⓚ খসড়া বই ⓚ প্রধান বই
ⓖ প্রাথমিক বই ⓖ পাকা বই

৫. নিচের কোনটি রেওয়ামিলের ক্রেডিট ঘরে বসবে?
ⓚ বিলম্বিত বিজ্ঞাপন ⓚ শিক্ষানবিস সেলামি
ⓖ শিক্ষানবিস ভাতা ⓖ শেয়ারে বিনিয়োগ

৬. স্বর্ণ ট্রেডার্সের পুরাতন আসবাবপত্র বিক্রয় ৪,০০০ টাকা ভুলবশত বিক্রয় হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে। সেক্ষেত্রে ভুল সংশোধনী জাবেদা হবে কোনটি?
ⓚ বিক্রয় হিসাব ৪,০০০ টাকা, আসবাবপত্র হিসাব ৪,০০০ টাকা
ⓚ বিক্রয় হিসাব ৪,০০০ টাকা, অনিশ্চিত হিসাব ৪,০০০ টাকা
ⓖ আসবাবপত্র হিসাব ৪,০০০ টাকা, বিক্রয় হিসাব ৪,০০০ টাকা
ⓖ অনিশ্চিত হিসাব ৪,০০০ টাকা, আসবাবপত্র হিসাব ৪,০০০ টাকা

৭. বিক্রয় মূল্যের ওপর মুনাফার হার ২০% হলে বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর শতকরা হার কত?
ⓚ ১৬.৬৭% ⓚ ১৭%
ⓖ ১৮% ⓖ ২৫%

৮. প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা। মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৬,০০০ টাকা। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ১০% বাট্টা সঞ্চিতি ধরা হলে বাট্টা সঞ্চিতির পরিমাণ কত? (রেওয়ামিলে অনাদায়ী পাওনা ৪,০০০ টাকা)
ⓚ ২,০০০ টাকা ⓚ ২,৪০০ টাকা
ⓖ ২,৮০০ টাকা ⓖ ৩,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:
২০১২ সালের ১লা এপ্রিল তারিখে রিতা এন্টারপ্রাইজ ৪৭,০০০ টাকার একটি যন্ত্র ক্রয় করে এবং যন্ত্রটির আয়ুষ্কাল ধরা হয় ৫ বছর এবং আয়ুষ্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য ৪,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব শেষ করে।

৯. সরলরৈখিক পদ্ধতিতে ২০১২ সালের অবচয় কত?
ⓚ ৫,০০০ টাকা ⓚ ৭,৫০০ টাকা
ⓖ ৬,৪৫০ টাকা ⓖ ১০,৮০০ টাকা

১০. যদি প্রতিষ্ঠানটি দ্বিগুণ ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে তবে অবচয়ের হার কত?
ⓚ ১০% ⓚ ২০% ⓖ ৩০% ⓖ ৪০%

১১. হিসাবের ঐচ্ছিক ধাপ কোনটি?
ⓚ খতিয়ান ⓚ রেওয়ামিল
ⓖ কার্যপত্র ⓖ আর্থিক বিবরণী

১২. অপরিচালন ব্যয় কোনটি?
ⓚ বেতন ⓚ কমিশন প্রাপ্তি
ⓖ শিক্ষানবিস সেলামি ⓖ ঋণের সুদ

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
রায় এন্ড কোং-এর ৩১শে জানুয়ারি ২০১২ তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৭০,০০০ টাকা। ১০,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দিয়ে ভুলক্রমে নগদান বইয়ে ১,০০০ টাকা লিপিবদ্ধ করেন এবং ৫,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক নগদান বইতে দুইবার ক্রেডিট করেন।

১৩. জমাকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত টাকা যোগ করবে?
ⓚ ৫,০০০ টাকা ⓚ ৯,০০০ টাকা
ⓖ ১০,০০০ টাকা ⓖ ১১,০০০ টাকা

১৪. উক্ত কোং এর ইস্যুকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত যোগ বা বিয়োগ করবে?
ⓚ ৫,০০০ টাকা যোগ ⓚ ১০,০০০ টাকা বিয়োগ
ⓖ ১৫,০০০ টাকা যোগ ⓖ ২০,০০০ টাকা বিয়োগ

১৫. একতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগ ক্ষেত্র কোথায়?
ⓚ ক্ষুদ্রায়তনের একমালিকানা কারবারে
ⓚ যৌথ মূলধনী কারবারে
ⓖ অংশীদারি কারবারে ⓖ রাষ্ট্রীয় কারবারে

১৬. কোনটি হিসাবের স্থায়ী ধাপ?
ⓚ জাবেদা ⓚ খতিয়ান
ⓖ বিশেষ জাবেদা ⓖ রেওয়ামিল

১৭. আবশ্যিক দাখিলা নয় কোনটি?
i. সমাপনী দাখিলা ii. সমন্বয় দাখিলা
iii. বিপরীত দাখিলা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৮. ১,৫০০ টাকার পণ্য বিক্রয় ভুলে ১৫০ টাকা লিখা হয়েছে। এটি কোন ধরনের ভুল?
ⓚ বেদাখিলার ভুল ⓚ লেখার ভুল
ⓖ নীতিগত ভুল ⓖ বাদ পড়ার ভুল

১৯. বাকিতে পণ্য ক্রয় ২,০০০ টাকা সমীকরণে প্রভাব কী?
ⓚ সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস
ⓚ দায় বৃদ্ধি ও মালিকানা স্বত্ব হ্রাস
ⓖ সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি
ⓖ সম্পদ বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি

২০. বিপরীত দাখিলার জন্য প্রযোজ্য—
i. প্রাপ্য সেবা আয় ii. প্রদেয় মজুরি
iii. সরঞ্জামের অবচয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২১. নিট লাভ বন্ধের জাবেদা কী?
ⓚ আয় বিবরণী হিসাব ডে. ও মূলধন হিসাব ক্রে.
ⓚ মূলধন হিসাব ডে. ও আয় বিবরণী ক্রে.
ⓖ আয় বিবরণী ডে. ও নিট আয় বিবরণী ক্রে.
ⓖ নিট লাভ হিসাব ডে. ও আয় বিবরণী হিসাব ক্রে.

২২. অনুপার্জিত আয় সমন্বয় করা হলে—
ⓚ সম্পদ হ্রাস ও আয় বৃদ্ধি
ⓚ দায় হ্রাস ও আয় বৃদ্ধি
ⓖ সম্পদ বৃদ্ধি পায় ও আয় হ্রাস পায়
ⓖ সম্পদ হ্রাস পায় ও আয় হ্রাস পায়

teachingbd.com

২৩. সমাপনী দাখিলা দ্বারা—
i. নামিক হিসাব বন্ধ করা
ii. উত্তোলনকে মূলধনে স্থানান্তর করা হয়
iii. চলতি বছরে হিসাব খোলা হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. বিপরীত দাখিলা কখন দেওয়া হয়?
ক হিসাবকালের প্রথম তারিখে
খ আর্থিক বিবরণী তৈরির পূর্বে
গ সমন্বয় দাখিলার পর
ঘ হিসাবকালের শেষ তারিখে

২৫. সোমা এন্ড কোং-এর বিক্রয় ২,৫০,০০০ টাকা, পুরাতন আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা, ব্যাংক হতে গৃহীত ঋণ ৭৫,০০০ টাকা, কমিশন প্রাপ্তি ৫,০০০ টাকা এবং মালিক কর্তৃক প্রদত্ত মূলধন ১,২৫,০০০ টাকা। উক্ত প্রতিষ্ঠানের মূলধন জাতীয় প্রাপ্তি কত?
ক ২,০০,০০০ টাকা খ ২,০৫,০০০ টাকা
গ ২,১০,০০০ টাকা ঘ ২,৫৫,০০০ টাকা

২৬. অনিশ্চিত হিসাব কোন জাতীয় হিসাব?
ক মুনাফা জাতীয় খ স্থায়ী
গ মূলধন জাতীয় ঘ অস্থায়ী

২৭. হিসাববিজ্ঞানের উদ্দেশ্য হলো—
i. সংঘটিত লেনদেনসমূহ লিপিবদ্ধ করা
ii. লেনদেনের ফলাফল নির্ণয় করা
iii. আর্থিক অবস্থা নিরূপণ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. নিচের কোনটি অনগদ লেনদেন?
ক ক্রেডিট কার্ডের মাধ্যমে ক্রয়
খ সুনামের অবলোপন করা
গ চেকের মাধ্যমে বিক্রয়
ঘ চেকে আসবাবপত্র ক্রয়

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
কাজল ট্রেডার্স ব্যবসায়ের জন্য ৫০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করে এবং আমদানি শুল্ক বাবদ ৫,০০০ টাকা প্রদান করে। মেশিনটির বহন খরচ বাবদ ৩,০০০ টাকা এবং মেশিন অপারেটরের বেতন বাবদ ১,০০০ টাকা প্রদান করা হয়।

২৯. কলকব্জা হিসাবে কত টাকা ডেবিট করতে হবে?
ক ৫০,০০০ টাকা খ ৫৫,০০০ টাকা
গ ৫৮,০০০ টাকা ঘ ৫৯,০০০ টাকা

৩০. বহন খরচকে আয় বিবরণীতে দেখানো হলে ব্যবসায়ের আর্থিক বিবরণীতে—
i. সম্পত্তির মূল্য ৩,০০০ টাকা কম প্রদর্শিত হবে
ii. নিট লাভ ৩,০০০ টাকা কম হবে
iii. সম্পত্তির মূল্য অপরিবর্তিত থাকবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩১. যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় মজুরি হিসাবে অন্তর্ভুক্ত করা হলে এটি কোন ধরনের ভুল হবে?
ক নীতিগত ভুল খ পরিপূরক ভুল
গ লেখার ভুল ঘ বাদ পড়ার ভুল

৩২. নিট লাভ দ্বারা কী বৃদ্ধি পায়?
ক আয় খ সম্পত্তি
গ দায় ঘ স্বত্বাধিকার

**উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব রাজিনের ব্যবসায়ের নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ১০,০০০ টাকা। আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত ২,০০০ টাকার চেক এখনো আদায় হয়নি এবং ৫,০০০ টাকার ইস্যুকৃত অন্য একটি চেক এখনো ব্যাংকে উপস্থাপন করা হয়নি।

৩৩. পাস বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত কত টাকা?
ক ৭,০০০ টাকা খ ৮,০০০ টাকা
গ ১৩,০০০ টাকা ঘ ১৫,০০০ টাকা

৩৪. নগদ বই মোতাবেক ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ ৩,০০০ টাকা হলে পাস বইয়ের উদ্বৃত্তে কী প্রভাব পড়বে?
ক ব্যাংক জমা উদ্বৃত্ত ৩,০০০ টাকা হ্রাস পাবে
খ ব্যাংক জমাতিরিক্ত ৫,০০০ টাকা বৃদ্ধি পাবে
গ ব্যাংক জমা উদ্বৃত্ত ৮,০০০ টাকা হ্রাস পাবে
ঘ ব্যাংক জমাতিরিক্ত ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে

৩৫. রেওয়ামিলে অফিস সাপ্লাইজ ১,৩০০ টাকা। সাপ্লাইজ খরচ শূন্য টাকা। সমাপনী সাপ্লাইজ ৬০০ টাকা। সমন্বয় দাখিলা হবে—
ক সাপ্লাইজ খরচ ডে. ১,৩০০ টাকা, সাপ্লাইজ হিসাব ক্রে. ১,৩০০ টাকা
খ সাপ্লাইজ খরচ ডে. ৭৫০ টাকা, সাপ্লাইজ হিসাব ক্রে. ৭৫০ টাকা
গ সাপ্লাইজ খরচ ডে. ৭০০ টাকা, সাপ্লাইজ হিসাব ক্রে. ৭০০ টাকা
ঘ সাপ্লাইজ খরচ ডে. ৬০০ টাকা, সাপ্লাইজ হিসাব ক্রে. ৬০০ টাকা

৩৬. মিসেস তানিশার প্রারম্ভিক মূলধন ৫০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৭৫,০০০ টাকা। মিসেস তানিশা কারবারে অতিরিক্ত মূলধন বাবদ আরও ১০,০০০ টাকা প্রদান করলে একতরফা দাখিলা পদ্ধতিতে এর প্রভাবে—
i. নিট লাভের পরিমাণ ১০,০০০ টাকা হ্রাস পাবে
ii. বিষয় বিবরণীতে সমাপনী মূলধন ৭৫,০০০ টাকায় অপরিবর্তিত থাকবে
iii. সমাপনী মূলধন ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. তামিম এন্ড কোং এর অগ্রদত্ত অর্থের পরিমাণ ২,০০০ টাকা। মে মাসের শেষে হাতে নগদ টাকার পরিমাণ ৬০০ টাকা। মে মাসের খরচের পরিমাণ কত?
ক ৬০০ টাকা খ ১,৪০০ টাকা
গ ২,০০০ টাকা ঘ ২,৬০০ টাকা

**উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:**
বাদল ট্রেডার্সের ২০১৪ সালের ১লা জানুয়ারি তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতি ক্রেডিট উদ্বৃত্ত ছিল ২,০০০ টাকা। সারা বছরের ধারে বিক্রয় ১,০৫,০০০ টাকা; বিক্রয় ফেরত ৩,৫০০ টাকা ও বিক্রয় বাট্টা ১,৫০০ টাকা। অনাদায়ী পাওনা ২,৫০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি কর।

৩৮. নিট ধারে বিক্রয় কত হবে?
ক ১,০০,০০০ টাকা খ ১,০৩,৫০০ টাকা
গ ১,০৫,০০০ টাকা ঘ ১,১০,০০০ টাকা

৩৯. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত?
ক ৯,৫০০ টাকা খ ১০,০০০ টাকা
গ ১০,৫০০ টাকা ঘ ১১,০০০ টাকা

৪০. অবচয় কোন ধরনের প্রক্রিয়া?
ক মূল্যায়ন খ ক্রয়মূল্য বণ্টন
গ নগদ জমাকরণ ঘ মূল্য বিশ্লেষণ

teachingbd.com